গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নং-১৫.০০.০০০০.০২০.১৬.০০২.২২-৪১৯

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪৩০ / ২৯ নভেম্বর ২০২৩

বিষয়: স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এর কার্যক্রম নং ২.১ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক হালনাগাদকৃত অনুমোদিত স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩ (কপি সংযুক্ত) ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩ এর কপি।

২৯/১১/২০২৩

(ড. ভেনিসা রড্রিক্স)
উপসচিব
ফোন-৫৫১০০৪৬২
e-mail: press2@moi.gov.bd

সিস্টেম এনালিস্ট
আইসিটিসেল শাখা
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি:

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (চলচ্চিত্র)/(সোশ্যাল নিউ মিডিয়া)/ (সম্প্রচার)/(উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। যুগ্মসচিব (প্রেস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা [যুগ্মসচিব (প্রেস) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

# স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২৩

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচিপত্র


| বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
| --- | --- |
| পটভূমি | ০২ |
| স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্য | ০৩ |
| নির্দেশিকার শিরোনাম | ০৩ |
| নির্দেশিকার ভিত্তি | ০৩ |
| সংজ্ঞাসমূহ | ০৩ |
| তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রচার পদ্ধতি | ০৪ |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | ০৪ |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি | ০৫ |
| বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | ০৬ |
| বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি | ০৬ |
| নির্দেশিকার সংশোধন | ০৬ |
| নির্দেশিকার ব্যাখ্যা | ০৬ |
| পরিশিষ্ট-১: তথ্য ওসম্প্রচার মন্ত্রণালয়ের প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম | ০৭-০৯ |
| পরিশিষ্ট-২: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ১০ |
| পরিশিষ্ট-৩: বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ১০ |
| পরিশিষ্ট-৪: আপিল কর্মকর্তার বিবরণ | ১০ |

## ১। পটভূমিঃ

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সরকারের একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়। স্বাধীনতা-পূর্ব প্রাদেশিক সরকারের নীতি ও বিভিন্ন কর্মসূচি সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য 'তথ্য বিভাগ' নামে একটি দপ্তর গঠন করা হয়। তৎকালীন ১৯টি জেলা তথ্য কর্মকর্তার মাধ্যমে এ বিভাগের কার্যক্রম পরিচালিত হতো। স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালে 'তথ্য ও বেতার মন্ত্রণালয়' নামে একটি পূর্ণাঙ্গ মন্ত্রণালয় গঠন করা হয়। পরবর্তীকালে সকল দায়িত্ব অক্ষুণ্ন রেখে মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে 'তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়' করা হয়।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি বিশেষায়িত মন্ত্রণালয়। এটি বাংলাদেশ সচিবালয়ের ৪ নম্বর ভবনের ৯ম তলায় অবস্থিত। এ মন্ত্রণালয় চারটি উইংয়ের সমন্বয়ে গঠিত, যা নীতি নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন, তদারকি ও প্রশাসনিক ব্যবস্থাপনার দায়িত্বসমূহ নিম্নোক্ত ১৫ (পনের)টি সংস্থার মাধ্যমে সম্পাদিত হয়:

১। তথ্য অধিদফতর

২। বাংলাদেশ বেতার

৩। বাংলাদেশ টেলিভিশন

৪। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

৫। গণযোগাযোগ অধিদপ্তর

৬। বাংলাদেশ প্রেস কাউন্সিল

৭। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

৮। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

৯। প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

১০। বাংলাদেশ সংবাদ সংস্থা

১১। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

১২। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

১৩। তথ্য কমিশন

১৪। বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

১৫। বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট

## ২। স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্যঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতের মাধ্যমে সরকারি ও বেসরকারি সংগঠনের স্বচ্ছতা ও জবাবহিদি বৃদ্ধি, দুর্নীতি হ্রাস, জনগণের চিন্তা, বিবেক ও বা-স্বাধীনতার সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা, সর্বোপরি জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে 'তথ্য অধিকার আইন, ২০০৯' প্রণয়ন করেছে।

জনগণের জন্য অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে, তার সঙ্গে সংগতিপূর্ণভাবে সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় হিসাবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় অবাধ তথ্য প্রবাহের চর্চা নিশ্চিত করতে সদা তৎপর রয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের তথ্য জনগণের কাছে উন্মুক্ত হলে এই বিভাগের কার্যক্রম সম্পর্কে জনগণ স্বচ্ছ ধারণা লাভ করতে সক্ষম হবে এবং জনগণের নিকট জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে। সে লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে ইতোপূর্বে তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২০ প্রণয়ন করা হয়। কিন্তু বর্তমান সময়োপযোগী ও কাজের পরিধি অনুযায়ী পূর্বের তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২০ সংশোধন করে অবাধ তথ্য প্রবাহের চর্চার ক্ষেত্রে যেন কোনো প্রতিবন্ধক তৈরি না হয় সে লক্ষ্যে উক্ত নির্দেশিকাটি হালনাগাদ করে নতুন স্বতঃপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩ প্রণয়ন করা হয়েছে।

## ৩। নির্দেশিকার শিরোনাম:

এই নির্দেশিকা 'তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩' নামে অভিহিত হবে।

## ৪। নির্দেশিকার ভিত্তি:

৪.১. প্রণয়নকারী কর্তৃপক্ষ: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

৪.২. অনুমোদনকারী কর্তৃপক্ষ: সিনিয়র সচিব/সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

৪.৩. অনুমোদনের তারিখ: ২৮ নভেম্বর ২০২৩ খ্রি.

৪.৪. নির্দেশিকা বাস্তবায়নের তারিখ: অনুমোদনের তারিখ থেকে।

৪.৫. নির্দেশিকার প্রযোজ্যতা: নির্দেশিকাটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার জন্য প্রযোজ্য হবে।

## ৫। সংজ্ঞাসমূহ:

৫.১. বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকাতে 'তথ্য' অর্থ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের গঠন, দাপ্তরিক ও প্রশিক্ষণ কার্যক্রম সংশ্লিষ্ট যে কোনো স্মারক, হিসাব বিবরণী, প্রতিবেদন, পত্র, নমুনা, দলিল, বিজ্ঞপ্তি, আদেশ, লগ-বই, উপাত্ত-তথ্য, চুক্তি, মানচিত্র, নকশা, বই, ইলকেট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোনো দলিল, ফিল্ম, অংকিত চিত্র, ভিডিও, অডিও অলোকচিত্র, প্রকল্প প্রস্তাব, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিল এবং ভৌত গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোনো তথ্যবহুল বস্তুর অনুলিপি বা প্রতিলিপি ও এর অর্ন্তভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

৫.২ 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ১০ এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত কর্মকর্তা।

৫.৩ 'বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট দায়িত্বপালনের জন্য নিযুক্ত কর্মকর্তা।

৫.৪ 'আপিল কর্তৃপক্ষ' অর্থ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/ সচিব।

৫.৫ 'তৃতীয় পক্ষ' অর্থ তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোনো পক্ষ।

৫.৬ 'তঅআ, ২০০৯' অর্থ তথ্য অধিকার আইন, ২০০৯।

৫.৭ 'তথ্য কমিশন' অর্থ তঅআ, ২০০৯ এর ধারা ১২ এর অধীনে প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

৫.৮ 'তঅবি, ২০০৯' অর্থ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯।

৫.৯ 'কর্মকর্তা' অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে।

৫.১০ 'তথ্য অধিকার' অর্থ কোনো কর্তৃপক্ষের নিকট হতে তথ্য প্রাপ্তির অধিকার।

৫.১১ 'আবেদন ফরম' অর্থ তঅবি, ২০০৯ এর তফসিলে নির্ধারিত আবেদন ফরম।

৫.১২ 'আপিল ফরম' অর্থ তঅবি, ২০০৯ এর তফসিলে নির্ধারিত আপিল আবেদনের ফরম।

৫.১৩ 'পরিশিষ্ট' অর্থ এ নির্দেশিকার সঙ্গে সংযুক্ত পরিশিষ্ট।

## ৬। তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রচার পদ্ধতিঃ

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সকল স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য নিম্নোক্তভাবে সংরক্ষণ, প্রকাশ ও প্রচার করা হবে:

৬.১ এই ধরনের তথ্য, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় স্বতঃপ্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, বিলবোর্ড, প্রেস বিজ্ঞপ্তি, এসএমএস, বুকলেট, লিফলেট, ভিডিও মেসেজ, মুদ্রিত বই বা প্রতিবেদন আকারে এবং প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে সংরক্ষণ, প্রকাশ ও প্রচার করবে;

৬.২ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে (পরিশিষ্ট ১) ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তার সংরক্ষণ করবে;

৬.৩ তথ্য ও সম্প্রচার কর্তৃপক্ষ প্রতিমাসে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করবে;

৬.৪ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুযায়ী সংশ্লিষ্ট তথ্যসমূহ প্রকাশ বা প্রদান করা হবে না।

## ৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ:

৭.১ তঅআ, ২০০৯-এর ধারা ১০(১) অনুসারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

৭.২ পরবর্তীকালে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনে কোনো কার্যালয়/ইউনিট প্রতিষ্ঠিত হলে তঅআ, ২০০৯-এর ধারা ১০(৩) অনুসারে এরূপ ইউনিট/ইউনিটসমূহ প্রতিষ্ঠিত হওয়ার ৬০ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

৭.৩ সিনিয়র সচিব/ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করবেন এবং নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ফরমেটে (তথ্য কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে) লিখিতভাবে তথ্য কমিশনে প্রেরণ করবেন।

৭.৪ তঅআ, ২০০৯-এর অধীনে দায়িত্ব পালনের প্রয়োজনে কোনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য যে কোনো কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন এবং কোনো কর্মকর্তার কাছ থেকে এরূপ সহায়তা চাওয়া হলে তিনি উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে বাধ্য থাকবেন।

৭.৫ কোনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়িত্ব পালনের প্রয়োজনে অন্য কোনো কর্মকর্তার সহায়তা চাইলে এবং এরূপ সহায়তা প্রদানে ব্যর্থতার জন্য তঅআ, ২০০৯-এর কোনো বিধান লংঘিত হলে এ আইনের অধীনে দায়-দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে উক্ত অন্য কর্মকর্তাও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলে গণ্য হবে।

৭.৬ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা তার কার্যালয়ের প্রকাশ্য স্থানে সহজে দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শনের ব্যবস্থা করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।

৭.৭ স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পরিশিষ্টে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা প্রকাশ করবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পরিবর্তন হলে নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগের ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে তথ্য হালনাগাদ করা হবে এবং ওয়েবসাইটেও তা প্রকাশ করা হবে।

## ৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি :

৮.১ তথ্যের জন্য কারও আবেদনের পরিপ্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-

(ক) আবেদন গ্রহণ ও তঅবি, ২০০৯, এর বিধি-৩ অনুসারে আবেদনপত্র গ্রহণের প্রাপ্তিস্বীকার করবেন;

(খ) অনুরোধকৃত তথ্য তঅআ, ২০০৯ এর ধারা-৯ ও তঅবি, ২০০৯ এর বিধি-৪ অনুসারে যথাযথভাবে সরবরাহ করবেন;

(গ) তথ্য প্রদানে অপারগতার ক্ষেত্রে তঅআ, ২০০৯ এর উপ-ধারা-৯(৩) ও তঅবি, ২০০৯ এর বিধি-৫ অনুসারে যথাযথভাবে অপারগতা প্রকাশ করবেন। অপারগতার কারণ তঅআ, ২০০৯-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;

(ঘ) কোনো অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি তঅআ, ২০০৯ এর উপ-ধারা ৯(৬) ও ৯(৭) এবং তঅবি, ২০০৯ এর বিধি-৮ অনুসারে উক্ত তথ্যের যুক্তিসঙ্গত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন;

(ঙ) কোনো অনুরোধকৃত তথ্যের সঙ্গে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তঅআ, ২০০৯ এর ধারা ৯(৮) অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন;

৮.২ তঅআ, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট/ফরম 'ক' সংরক্ষণ ও কোনো নাগরিকের চাহিদার পরিপ্রেক্ষিতে সরবরাহ;

৮.৩ আবেদন ফরম পূরণে সক্ষম নয়, এমন আবেদনকারীকে আবেদন ফরম পূরণে সহায়তা ;

৮.৪ কোনো শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাকে উপযুক্ত পদ্ধতিতে তথ্য পেতে সহায়তা করবেন। এ ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপযুক্ত অন্য কোনো ব্যক্তির সহায়তা গ্রহণ করতে পারবেন;

৮.৫ তথ্য সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ তঅআ, ২০০৯ এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে হচ্ছে কি না তা নির্ধারণে কর্তৃপক্ষকে সহায়তা প্রদান;

৮.৬ তঅআ, ২০০৯-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশে সহায়তা করা; এবং

৮.৭ তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্রসহ এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ, আবেদনকারীর যোগাযোগের বিস্তারিত তথ্য সংরক্ষণ, তথ্য অবমুক্তকরণ সংক্রান্ত প্রতিবেদন সংকলন, তথ্যের মূল্য আদায়, হিসাব রক্ষণ ও সরকারি কোষাগারে জমাকরণ এবং কর্তৃপক্ষ বা তথ্য কমিশনের চাহিদার পরিপ্রেক্ষিতে এ সংক্রান্ত তথ্য সরবরাহ করা ইত্যাদি।

## ৯। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ :

৯.১ বদলি বা অন্য কোনো কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতে দায়িত্ব পালনের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় একজন বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

৯.২ নতুন প্রতিষ্ঠিত ইউনিটসমূহে প্রতিষ্ঠিত হওয়ার ৬০ (ষাট) দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পাশাপাশি বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতে হবে।

৯.৩ সিনিয়র সচিব/ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেবেন এবং নিয়োগকৃত প্রত্যেকের নাম, পদবি, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে নির্ধারিত ফরমেটে (তথ্য কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে) লিখিতভাবে তথ্য কমিশনে প্রেরণ করবেন।

## ১০। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি:

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুচ্ছেদ-৭ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

## ১১। নির্দেশিকার সংশোধনঃ

এই নির্দেশিকা সংশোধনের প্রয়োজন হলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ০৩-০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে। কমিটি নীতিমালা অনুমোদনকারী কর্তৃপক্ষের কাছে সংশোধনের সুপারিশসহ প্রস্তাব করবে। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনে নির্দেশিকা সংশোধন কার্যকর হবে।

## ১২। নির্দেশিকার ব্যাখ্যাঃ

এই নির্দেশিকার কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে এ নির্দেশিকা প্রণয়নকারী কর্তৃপক্ষ তার ব্যাখ্যা প্রদান করবে।

**পরিশিষ্ট-১**

তথ্য ওসম্প্রচার মন্ত্রণালয়ের প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:

| ক্রমিক | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণের তালিকা | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২. | সিনিয়র সচিব/সচিবগণের তালিকা | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৩. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাগণের নাম,পদবি,শাখা/অধিশাখা/অনুবিভাগ, দাপ্তরিক ও আবাসিক টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৪. | প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনারগণের তালিকা | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৫. | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধি বিধান | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৬. | অ্যাক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিকগণের তালিকা | তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৭. | মিডিয়াভুক্ত পত্রিকার তালিকা | ওয়েব সাইটে প্রকাশ |
| ৮. | নিবন্ধনকৃত অনলাইন নিউজ পোর্টালের তালিকা | ওয়েব সাইটে প্রকাশ |
| ৯. | সংবাদপত্র ও সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তি এবং নিরীক্ষা নীতিমালা, ২০২২ | ওয়েব সাইটে প্রকাশ |
| ১০. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মিলনায়তন (মাল্টিপারপাস হল) ও সম্মেলন কক্ষ ব্যবহার নীতিমালা-২০২২ | ওয়েব সাইটে প্রকাশ |
| ১১. | ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত পত্র/বিজ্ঞপ্তি | ওয়েব সাইটে প্রকাশ |
| ১২. | ডিএফপির (নন-ক্যাডার) কর্মকর্তাদের পিআরএল এর প্রজ্ঞাপন | ওয়েব সাইটে প্রকাশ |
| ১৩. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ১৪. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বাজেট, রাজস্ব প্রাপ্তি ও ক্রয়পরিকল্পনার বাস্তবায়ন পরিকল্পনা | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ১৫. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বাজেট, রাজস্ব প্রাপ্তি ও ক্রয়পরিকল্পনার প্রান্তিক ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ১৬. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সংশোধিত বাজেট প্রতিবেদন | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ১৭. | বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিএমসি সভার কার্যবিবরণী | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ১৮. | মন্ত্রিপরিষদ বিভাগের সাথে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ১৯. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের এপিএ টিমের গঠন সংক্রান্ত আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ২০. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের এপিএ বিশেষজ্ঞ পুলের গঠন সংক্রান্ত আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ২১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ২২. | আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন সমাপনান্তে চূড়ান্ত ফলাফল | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ২৩. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন কমিটির গঠন সংক্রান্ত আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ২৪. | বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডার ও নন-ক্যাডার ১ম শ্রেণির কর্মকর্তাদের নিয়োগ/পদোন্নতি/বদলি/প্রেষণে বদলি/সংযুক্তির আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ |
| ২৫. | বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডার ও নন-ক্যাডার ১ম শ্রেণির কর্মকর্তাদের চাকরি স্থায়ী করার আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং বাংলাদেশ গেজেটে প্রকাশ |
| ২৬. | বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডার ও নন-ক্যাডার ১ম শ্রেণির কর্মকর্তাদের ছুটি/বহি:বাংলাদেশ ছুটি/শিক্ষা ছুটি/প্রেষণাদেশ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ |
| ২৭. | জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের লক্ষ্যে পুরস্কারপ্রাপ্ত শিল্পী ও কলা-কুশলীদের নামে প্রজ্ঞাপন। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ২৮. | পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২০ (সংশোধিত) ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২০(সংশোধিত) । | ওয়েবসাইট |
| ২৯. | পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে প্রতি অর্থবছরে বিজ্ঞপ্তি । | ওয়েবসাইট |
| ৩০. | প্রতি অর্থবছরে 'পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে অনুদানের জন্য চূড়ান্তকৃত চলচ্চিত্রের প্রজ্ঞাপন । | ওয়েবসাইট |
| ৩১. | বাংলাদেশ বেতারের ক্যাডার ও নন ক্যাডার ১ম শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ/পদোন্নতি/বদলি/প্রেষণে বদলি/ সংযুক্তির আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং বাংলাদেশ গেজেটে |
| ৩২. | বাংলাদেশ বেতারের ক্যাডার ও নন ক্যাডার ১ম শ্রেণীর কর্মকর্তাদের চাকরি স্থায়ী করার আদেশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং বাংলাদেশ গেজেটে |
| ৩৩. | বাংলাদেশ বেতারের ক্যাডার ও নন ক্যাডার ১ম শ্রেণীর কর্মকর্তাদের ছুটির আদেশ / বহিঃবাংলাদেশ ভ্রমণের আদেশ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে |
| ৩৪. | বাংলাদেশ বেতারের ক্যাডার ও নন ক্যাডার ১ম শ্রেণীর কর্মকর্তাদের শিক্ষা ছুটি/বৈদেশিক বৃত্তির আদেশ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে |
| ৩৫. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন । | বই আকারে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয় |
| ৩৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা । | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৩৭. | অডিট সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার নোটিশ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং ই-মেইল |
| ৩৮. | ত্রি-পক্ষীয় সভা/দ্বি-পক্ষীয় সভার কার্যবিবরণী | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং ই-মেইল |
| ৩৯. | ০৬ (ছয়) মাসের প্রতিবেদন প্রণয়ন ও অর্থবিভাগে প্রেরণ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং ই-মেইল |
| ৪০. | অডিট আপত্তির বিষয়ে বাৎসরিক প্রতিবেদন । | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং ই-মেইল |

| | | |
|---|---|---|
| ৪১. | অভিযোগ ও মতামত বাক্সের রিপোর্ট। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং ই-মেইল |
| ৪২. | কর্মকর্তা/কর্মচারীদের অডিট আপত্তি সংক্রান্ত না দাবী প্রদান | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং ই-মেইল |
| ৪৩. | বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৪৪. | বার্ষিক ক্রয় পরিকল্পনা | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৪৫. | বহি:বাংলাদেশ ভ্রমন সংক্রান্ত জি.ও | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৪৬. | কর্মকর্তা/কর্মচারীর বদলি, পদায়ন, পদোন্নতি সংক্রান্ত সরকারি আদেশ। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৪৭. | মন্ত্রণালয়ের নাগরিক সনদ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৪৮. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৪৯. | কর্মকর্তা/কর্মচারী ও তার পরিবারের সদস্যগণের পাসপোর্ট অনাপত্তি। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫০. | বেসরকারি মালিকানাধীন এফ.এম বেতারকেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০২২ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫১. | কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০২২ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫২. | অনলাইনে এফ.এম বেতারের লাইসেন্স নবায়ন। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৩. | ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন ২০০৬ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৪. | ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা ২০১০ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৫. | বাংলাদেশ টেলিভিশনের জন্য টেরিস্ট্রিয়াল টেলিভিশন সম্প্রচার সুবিধা সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ৪৪ নং আইন) | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৬. | অনুমোদিত বেসরকারি স্যাটেলাইট টেলিভিশনের তালিকা | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৭. | সম্প্রচারের তারিখ (Date of on Air) ক্রমানুযায়ী চ্যানেলসমূহের তালিকা | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৮. | অনুমোদিত আইপি টিভির তালিকা | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |
| ৫৯. | প্রকল্প সংক্রান্ত তথ্য | মন্ত্রণালয়ের ওয়েবসাইট |

**পরিশিষ্ট-২**

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

নাম: ড. ভেনিসা রড্রিক্স
পদবি: উপসচিব
কার্যালয়: প্রেস-২ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (রুম নম্বর- ৮০৩, ৯ম তলা, ভবন নং ৪)
ফোন: ৫৫১০১৩৯২ (অফিস)
ই-মেইল: e-mail: press2@moi.gov.bd
ওয়েবসাইট: www.moi.gov.bd

**পরিশিষ্ট-৩**

**বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

নাম: মরিয়ম জাহান
পদবি: সিনিয়র সহকারী সচিব
কার্যালয়: পরিকল্পনা অধিশাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন: ৯৫৫০৫৭৭ (অফিস)
ই-মেইল: asstt.chief@moi.gov.bd
ওয়েবসাইট: www.moi.gov.bd

**পরিশিষ্ট-৪**

**আপিল কর্মকর্তার বিবরণ:**

নাম: মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
পদবি: সিনিয়র সচিব
কার্যালয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন: ২২৩৩৫৬৬১৮ (অফিস)
ই-মেইল: secretary@moi.gov.bd
ওয়েবসাইট: www.moi.gov.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

Kabir 24/11/2036

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
সিনিয়র সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়